জ্ঞান, যোগ, প্রভৃতি সাধন এবং ঐ সকল সাধনের প্রাপ্য বস্তুসমূহের প্রতিও তুচ্ছতা বুদ্ধি জন্মাইয়া দেয়। "ন পারমেষ্ঠ্যং ন মহেন্দ্রধিষ্ণ্যং ন রসাধিপত্যং। ন যোগসিদ্ধিরপুনর্ভবং বা ময্যর্পিতাত্মেচ্ছতি মদ্বিনান্যৎ ॥" ১১।১৪।১৭॥ শ্রীকৃষ্ণ কহিলেন—হে উদ্ধব! যে জন আমাতেই আত্মসমর্পণ করিয়াছে, সে জন আমাভিন্ন পারমেষ্ঠ্য-সুখ অর্থাৎ সত্যলোকে ব্রহ্মা হইয়া ত্রিভুবনের আধিপত্য লাভে যে সুখ, স্বর্গলোকে ইন্দ্র হইয়া যে সুখ, মর্ত্ত্যলোকে সর্ব্ব ভূমির আধিপত্যে যে সুখ, পাতালাদির স্বামিত্বে যে সুখ, ব্রহ্ম-কৈবল্যরূপমুক্তিতে যে সুখ, অষ্টাঙ্গযোগে অষ্টাদশ সিদ্ধিলাভে যে সুখ—অধিক কি বলিব? অন্য যে সকল সাধনের সাধ্যবস্তু আছে, আমার ভক্ত সে সকল কিছুই পাইতে ইচ্ছা করে না। কিন্তু তাহারা অকিঞ্চনা ভক্তি-প্রাপ্য নিখিলপুরুষার্থ শ্রেষ্ঠ আমাকেই পাইতে ইচ্ছা করে। ১৩২॥

অনন্তর সাক্ষাদ্ভক্তি যে গুণাতীতা, তাহাই বলিবার জন্য একটি শ্লোকের দ্বারা শ্রীভগবানে অর্পিত কর্ম্ম হইতে আরম্ভ করিয়া সমস্ত সাধনের "সগুণত্ব" বলিতেছেন—

"মদর্পণং নিষ্ফলং বা সাত্ত্বিকং নিজকর্ম্মতৎ।
রাজসং ফলসঙ্কল্পং হিংসাপ্রায়াদি তামসং ॥" ১১।২৫।২৩

শ্রীকৃষ্ণ কহিলেন—হে উদ্ধব! যে কর্ম্ম আমাতে অর্পিত হয়, এমন মদর্পিত কর্ম্ম এবং যে কর্ম্ম ঐহিক-পারলৌকিক সুখভোগের কামনাশূন্য, সেই সকল নিজকৃত কর্ম্ম সাত্ত্বিক; যে কর্ম্মে ফলপ্রাপ্তিতেই সঙ্কল্প থাকে, সেই কর্ম্ম রাজস; যে কর্ম্ম হিংসা, দম্ভ, মাৎসর্য্যের বশবর্ত্তী হইয়া করা হয়, সেই কর্ম্ম তামস।

অনন্তর অন্যান্য অনুষ্ঠান সকলকে সত্ত্ব, রজঃ ও তমঃ গুণের অন্তর্গত বলিতে বলিতে ৪টি শ্লোকে চতুর্থকক্ষায় সাক্ষাদ্ভক্তির নির্গুণত্ব বলিতেছেন—"কৈবল্যং সাত্ত্বিকং জ্ঞানং রজোবৈকল্পিককন্তু যৎ। প্রাকৃতং তামসং জ্ঞানং মন্নিষ্ঠং নির্গুণং স্মৃতম্" ॥ ১৩৪॥

প্রাকৃতং বালমূকাদিজ্ঞানতুল্যং। বৈকল্পিকং দেহাদিবিষয়ং যত্তদ্রজঃ রাজসম্। কেবলস্য নির্ব্বিশেষস্য ব্রহ্মণঃ শুদ্ধজীবাভেদেন জ্ঞানং কৈবল্যম্। ত্বম্পদার্থমাত্র জ্ঞানস্য কৈবল্যত্বানুপপত্তিঃ তৎপদার্থজ্ঞানসাপেক্ষত্বাৎ। সত্ত্বযুক্তে হি চিত্তে প্রথমতঃ শুদ্ধং সূক্ষ্মং জীবচৈতন্যং প্রকাশতে। ততশ্চিদেকাকারত্বাভেদেন তস্মিন্ শুদ্ধং পূর্ণং ব্রহ্মচৈতন্যমপি অনুভূয়তে। ততঃ সত্ত্বগুণস্যৈব তত্র কারণতাপ্রাচুর্য্যাৎ সাত্ত্বিকত্বম্। তথাচ গীতোপনিষদঃ—সত্ত্বাৎ সংজায়তে জ্ঞানমিত্যাদি। ভগবজ্‌জ্ঞানস্যতু, দেবানাং শুদ্ধ সত্ত্বানামৃষীণামমলাত্মনাম্ ভক্তির্মুকুন্দচরণে ন প্রায়েণোপজায়তে। মুক্তানামপি